

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৫১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৭. তৃতীয় অনুচ্ছেদ - দু' ঈদের সালাত

### আরবী

عَنِ ابْنِ جُرَيْجٍ قَالَ: أَخْبَرَنِي عَطَاءٌ عَنِ ابْن عَبَّاس وَجَابِر ابْن عَبْدِ اللَّهِ قَالَا: لَمْ يَكُنْ يُؤَذَّنُ يَوْمَ الْفِطْرِ وَلَا يَوْمَ الْأَضْحَى ثُمَّ سَأَلْتُهُ يَعْنِي عَطَاءً بَعْدَ حِينٍ عَنْ ذَلِكَ فَأَخْبَرَنِي قَالَ: يُؤْذَن يَوْمَ الْفِطْرِ حِينَ يَخْرُجُ الْإِمَامُ وَلَا بعد مَا يَخْرُجُ وَلَا إِقَامَةَ وَلَا بِدَاءَ وَلَا شَيْءَ لَا نِذَاءَ يَوْمَئِذٍ وَلَا إِقَامَةَ. رَوَاهُ مُسْلِمٌ

#### বাংলা

১৪৫১-[২৬] ইবনু জুরায়জ (রহঃ) কর্তৃক বর্ণিত। তিনি বলেন, 'আত্বা (রহঃ) আমার কাছে 'আবদুল্লাহ ইবনু 'আবারাস ও জাবির ইবনু 'আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন। তাঁরা দু'জনেই বলেছেন, (রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জীবদ্দশায়) ঈদুল ফিতর ও ঈদুল আযহার সালাতের জন্য আযান দেয়া হত না। ইবনু জুরায়জ বলেন, এর কিছুদিন পর আমি আবার 'আত্বা (রহঃ)-কে জিজ্ঞেস করলাম। 'আত্বা (রহঃ) তখন বললেন, জাবির ইবনু 'আবদুল্লাহ (রাঃ) আমাকে বলেছেন। ঈদুল ফিতরের সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ের জন্য আযানের প্রয়োজন নেই। ইমাম (সালাতের জন্য) বের হবার সময়েও না। বের হয়ে আসার পরেও না। (এভাবে) ইকামাত(ইকামত/একামত) ও কোন আহবানও নেই। না অন্য কিছু আছে। এ দিন না কোন আহবান আছে। আর কোন ইকামাত(ইকামত/একামত)। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৮৮৬, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬১৬৫। বুখারী ৯৬০, মুসান্নাফ 'আবদুর রাযযাক্ত ৫৬২৭।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَلَا إِفَامَةُ وَلَا بِدَاء) ইক্কামাত ও ডাকাডাকি কিছুই নেই, এ বক্তব্যটি প্রমাণ করে ঈদের সালাতের বিষয়েও ইমামকে কোন কিছু বলা যাবে না।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন